



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস - ২০২০ উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত

ঢাকা, বৃহস্পতিবার, ২৬ মার্চ ২০২০।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস - ২০২০ উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে আজ (২৬ মার্চ, বৃহস্পতিবার) দুপুর ১.৩০ টায় যোহর নামাজের পর বায়তুল মুকাররম জাতীয় মসজিদে দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হয়েছে। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতী মাওলানা মিজানুর রহমান। মুনাজাতে ২৬ মার্চ ও মহান স্বাধীনতা যুদ্ধে শাহাদাতবরণকারি সকল শহীদদের আত্মার শান্তি কামনা করে দোয়া ও মুনাজাত করা হয়। এছাড়া বর্তমানে বিশ্বজুড়ে করোনাভাইরাস যেভাবে মহামারী আকারে ছড়িয়ে পড়েছে তা থেকে যেন বাংলাদেশের মানুষসহ বিশ্বের মানুষ পরিত্রাণ পায় সেজন্য বিশেষভাবে দোয়া করা হয়। এছাড়া মুনাজাতে দেশ ও জাতির শান্তি-সমৃদ্ধি ও কল্যান কামনা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট শাহাদাতবরণকারী তাঁর পরিবারের সকল সদস্যের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। এ সময় ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মুহাম্মদ মহীউদ্দিন মজুমদার, মোঃ আনিছুর রহমান সরকার, উপ-পরিচালক মোঃ আলমগীর হায়দারসহ বায়তুল মুকাররম জাতীয় মসজিদের ইমাম, খতিব ও মুয়াজ্জিন উপস্থিত ছিলেন।

এছাড়া বায়তুল মুকাররম মসজিদে যোহর নামাজ পড়তে আসা অল্প কয়েকজন সাধারণ মুসল্লি উপস্থিত ছিলেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬